

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৫৮

আরবি মূল আয়াত:

أَفَمَا نَحْنُ بِمَيِّتِينَ ﴿٥٨﴾

অনুবাদসমূহ:

(জান্নাতবাসী ব্যক্তি বলবে) ‘তাহলে আমরা কি আর মরব না’? — আল-বায়ান

এখন আমাদের আর মৃত্যু হবে না — তাইসিরুল

আমাদের আর মৃত্যু হবে না — মুজিবুর রহমান

Then, are we not to die — Sahih International

৫৮. আমাদের তো আর মৃত্যু হবে না।

-

তাফসীরে জাকারিয়া

(৫৮) (সত্যই) কি আমাদের আর মৃত্যু হবে না, [1]

[1] জাহান্নামীদের এই অবস্থা দেখে জান্নাতীরা আনন্দে উৎফুল্ল হয়ে বলবে, আমরা যে জান্নাতী জীবন ও তার নিয়ামত পেয়েছি, তা কি চিরকালের জন্য নয়? সত্যই কি এখন আর আমাদের মৃত্যু আসবে না? এটা স্বীকৃতিসূচক জিজ্ঞাসা। অর্থাৎ এখন আমাদের এই জীবন চিরকালের জন্য। আমরা চিরকাল জান্নাতে এবং তোমরা চিরকাল জাহান্নামে থাকবে। না তোমাদের মৃত্যু হবে যে, জাহান্নামের শাস্তি থেকে বেঁচে যাবে। আর না আমাদের মৃত্যু হবে যে, আমরা জান্নাতের নিয়ামতসমূহ থেকে বঞ্চিত হব। যেমন হাদীসে বর্ণনা হয়েছে যে, “মৃত্যুকে একটি ভেড়ার আকৃতিতে জান্নাত ও জাহান্নামের মাঝে যবেহ করে দেওয়া হবে। ফলে আর কারোর মৃত্যু হবে না।” (বুখারী, মুসলিম)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3846>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন